



হালুম বলে, ঐ যে দেখ সুন্দর সবুজ ঘাস।
টুকটুকি বলে, কী সুন্দর প্রজাপতি আর মৌমাছি!



ইকরি ও শিকু গান ধরে:

সবুজ ঘাসে প্রজাপতি
মৌমাছির ব্যস্ত অতি
কাজ করে যায় কৃষকেরা
চরে গরু ছাগল ভেড়া।



হালুম বলে, ঐ যে দেখ পাহাড়।
টুকটুকি বলে, কত উঁচু চূড়া!



ইকরি ও শিকু গান ধরে:

পাহাড়-চূড়া আকাশ ছোঁয়া

শীত কুয়াশা ধোঁয়া ধোঁয়া

ঈগল পাখি বানায় বাসা

পাখির ছানা দেখতে খাসা।

